# মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY

শ্রীমঙ্গল, মৌলভীবাজার

ISO 9001:2015 Certified

০৮৬২৬-৭১৪৫৩ mbazar_pbs@yahoo.com

pbs.moulvibazar.gov.bd


স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০১৯.২৫.৩৭২ তারিখঃ ০৫ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে মৌলভীবাজার পবিস এর কর্মকর্তা/কর্মচারীদের গোষ্ঠী বীমাকণের জন্য দরপত্র আহবান।

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ৩৮১ জন কর্মকর্তা/কর্মচারীর গোষ্ঠী বীমাকরণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইসেন্স প্রাপ্ত বীমা কোম্পানীর নিকট হতে নিম্নের বর্ণনা অনুযায়ী কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে নিম্নোক্ত শর্তাধীনে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | : | ২৬/০৬/২০২৫ খ্রিঃ, সময়-১২:০০ ঘটিকা পর্যন্ত। |
| (খ) | দরপত্র দাখিল ও খোলার স্থান | : | (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। |
| | | | (২) জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| (গ) | দরপত্র খোলার তারিখ ও সময় | : | ২৬/০৬/২০২৫ খ্রিঃ, সময়-১২:৩০ ঘটিকা। |

**বীমার বিবরণ**

| ক্রঃ নঃ | বীমার বিবরণ | বীমাভুক্ত মোট কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা ও মোট বীমা অংক | একক প্রিমিয়াম (প্রতি হাজারে) | মোট প্রিমিয়ামের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ০১. | বীমা অংক হবে প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারীদের ২৪ মাসের মূল বেতনের সমপরিমাণ (৫ লক্ষ টাকার উর্ধ্বে নয়) হিসাবে সর্বমোট বীমামূল্য<br>গোষ্ঠী সাময়িক জীবন বীমা (GT)<br>দূর্ঘটনার কারণে মৃত্যুতে দ্বিগুণ ক্ষতিপুরণ বীমা (ADB)<br>দূর্ঘটনা জনিত কারণে সম্পূর্ণ অঙ্গহানী বীমা (PTD)<br>দূর্ঘটনার কারণে আংশিক অক্ষমতা বীমা (PPD) | ৩৮১ জন<br>(কম বেশি হতে পারে)<br>১৮,৪৫,১৭,২০০.০০ | | |
| | | | মোট= | |

০১। আগ্রহী দরদাতাগণ নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখ পূর্বক খামের মুখ সীলগালা করে আগামী ২৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে উল্লিখিত ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত দরপত্র উল্লিখিত স্থানে একই দিন অর্থাৎ আগামী ২৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত নিবন্ধনের/প্রমাণকের অনুলিপি দরপত্রের সাথে প্রদান করতে হবে। এক্ষেত্রে যেসকল বীমা কোম্পানি সর্বশেষ ৩ (তিন) বছর লভ্যাংশ ঘোষণা করছে সে সকল বীমা কোম্পানিই দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন (প্রমাণক সংযুক্ত করতে হবে)। তাছাড়া, যে কোনো পল্লী বিদ্যুৎ সমিতিতে গ্রুপ বীমা চুক্তি এবং সফলভাবে চুক্তি সমপনান্তে বীমা দাবি পরিশোধের অথবা প্রফিট কমিশন পরিশোধের প্রমাণক সংযুক্ত করতে হবে। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা বিশেষভাবে বিবেচনা করা হবে। নিয়মানুযায়ী ভ্যাট-ট্যাক্স প্রযোজ্য অন্যান্য সনদ দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৩। আগ্রহী বীমা দরদাতা কোম্পানিকে অবশ্যই স্টক এক্সচেঞ্জ এর তালিকাভূক্ত হতে হবে এবং দরপত্রের সাথে স্টক এক্সচেঞ্জ এর তালিকাভুক্তির কপি দাখিল করতে হবে। এগুলো ব্যতীত দরপত্র অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

০৪। দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে **"কর্মকর্তা/কর্মচারীদের গোষ্ঠী বীমার দরপত্র"** কথাটি লিখতে হবে।

০৫। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসাবাদ থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে অত্র পবিস এর প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৬। দরপত্রের উদ্ধৃত একক প্রিমিয়াম ও মোট প্রিমিয়াম এর পরিমাণ স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষাঘষি এবং ফ্লুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৭। বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে কালো তালিকাভুক্ত হলে অথবা বীমা দাবি নিষ্পত্তিজনিত মামলা চলমান থাকলে বর্ণিত দরপত্রে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।

০৮। বীমা চুক্তির মেয়াদ আগামী ০৩ (তিন) বৎসরের জন্য করা হবে। চুক্তিকালীন মেয়াদান্তে নো-ক্লেইম বোনাস/প্রফিট বোনাস প্রদান করতে হবে। উল্লেখ্য যে, প্রতি বছর প্রিমিয়ামের বিল দাখিল সাপেক্ষে চুক্তি নবায়ন করা হবে।

০৯। একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে প্রিমিয়াম পরিশোধ করা হবে।

১০। বীমা চুক্তির মেয়াদে কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যুতে দ্রুত দাবী পরিশোধ করতে হবে।

১১। বীমা চুক্তির মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারীদের বীমাভুক্ত করার সুযোগ থাকতে হবে। মৌলভীবাজার পবিস এর গোষ্ঠী জীবন বীমার আওতায় চুক্তিবদ্ধ কোন কর্মকর্তা/কর্মচারী অন্য পবিস এ বদলী হলে তিনিও বীমার আওতায় প্রাপ্য বীমাকৃত সুযোগ-সুবিধা ভোগ করবেন।

১২। দুর্ঘটনাজনিত মৃত্যুতে দ্বিগুণ ক্ষতিপূরণ, দুর্ঘটনাজনিত কারণে স্থায়ী এবং আংশিক অক্ষমতা জনিত ক্ষতিপূরণ সুবিধা অন্তর্ভুক্ত থাকতে হবে। এছাড়া মহামারী/অতিমারী ও প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ কর্মকর্তা/কর্মচারী বীমা অন্তর্ভূক্ত হবে।

১৩। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বীমা চুক্তি সম্পাদন করতে হবে। কার্যাদেশ প্রদানের সময় বীমাভুক্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা কম/বেশী হতে পারে। উল্লেখ্য, কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বাংলা ভাষায় বীমা চুক্তি সম্পাদন করতে হবে অথবা বাংলা ও ইংরেজী উভয় ভাষায় বীমা চুক্তি সম্পাদন করতে হবে।

১৪। বীমা সম্পন্নের ০৭ দিনের মধ্যে বিল দাখিল করতে হবে এবং সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৫। শর্তাবলীতে উল্লেখ নেই বা শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। দরপত্রে উদ্ধৃত প্রতি হাজারে প্রিমিয়াম হার হবে । মুল বীমাঃ গ্রুপ সাময়িক জীবন বীমা (GT) ও সহযোগী অন্যান্য বীমা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১৭। বীমা চুক্তি মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারীকে বীমাভুক্ত করার সুযোগ থাকতে হবে। বীমাকৃত কর্মকর্তা/কর্মচারীকে সার্বক্ষণিক বীমা নিরাপত্তা প্রদান করতে হবে। বীমাকৃত যে কোন কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুতে দ্রুততার সাথে অর্থ পরিশোধ করতে হবে।

১৮। দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট ও আয়কর সনদ এবং সরকার কর্তৃক নিবন্ধিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২.১.২৫

(এ.বি.এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপি**: সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো)।
০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/গণপূর্ত/এলজিইডি, মৌলভীবাজার।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, ব্রাহ্মণবাড়ীয়া ।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .......................................................... পবিস-১/২/৩/৪।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ........................................ উপজেলা, মৌলভীবাজার।
১০। ডিজিএম, মৌলভীবাজার/সদর দপ্তর-কারিগরী/কমলগঞ্জ/রাজনগর/বড়লেখা জোনাল অফিস, মৌলভীবাজার।
১১। এজিএম (প্রশাসন/এইচ আর(অঃদাঃ)/অর্থ-হিসাব/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/আইটি), মৌলভীবাজার পবিস।
১২। এজিএম (ওএন্ডএম), সিন্দুরখান/কুলাউড়া সাব-জোনাল অফিস, মৌলভীবাজার।
১৩। এজিএম (আইটি), মৌলভীবাজার পবিস (বিজ্ঞপ্তি ই-মেইলে প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতসহ প্রমাণক সংরক্ষণ করবেন)
১৪। নোটিশ বোর্ড।

(এ.বি.এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার